# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৬১২

৩/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ২০. সাদাকাতুল ফিতর কি পরিমাণ দিতে হবে?

باب كَمْ يُؤَدَّى فِي صَدَقَةِ الْفِطْرِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ مُحَمَّدِ بْنِ السَّكَنِ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَهْضَمٍ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ، عَنْ عُمَرَ بْنِ نَافِعٍ، عَنْ أَبِيهِ، عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ، قَالَ فَرَضَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم زَكَاةَ الْفِطْرِ صَاعًا فَذَكَرَ بِمَعْنَى مَالِكٍ زَادَ وَالصَّغِيرِ وَالْكَبِيرِ وَأَمَرَ بِهَا أَنْ تُؤَدَّى قَبْلَ خُرُوجِ النَّاسِ إِلَى الصَّلاَةِ . قَالَ أَبُو دَاوُدَ رَوَاهُ عَبْدُ اللهِ الْعُمَرِيُّ عَنْ نَافِعٍ بِإِسْنَادِهِ قَالَ عَلَى كُلِّ مُسْلِمٍ وَرَوَاهُ سَعِيدٌ الْجُمَحِيُّ عَنْ عُبَيْدِ اللهِ عَنْ نَافِعٍ قَالَ فِيهِ مِنَ الْمُسْلِمِينَ وَالْمَشْهُورُ عَنْ عُبَيْدِ اللهِ لَيْسَ فِيهِ مِنَ الْمُسْلِمِينَ .

ـ صحيح : خ

বাংলা

১৬১২। ’আবদুল্লাহ ইবনু ’উমার (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যাকাতুল ফিতর এক সা’ ফারয করেছেন। অতঃপর মালিকের হাদীসের ভাবার্থ বর্ণনা করেন। তাতে এ কথাটিও আছেঃ ছোট এবং বড় সকলের পক্ষ হতেই। তিনি লোকদের (ঈদের) সালাতে বের হওয়ার পূর্বেই তা আদায় করতে নির্দেশ দিয়েছেন।[1]

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, এ হাদীস ’আবদুল্লাহ আল-উমারী (রহঃ) নাফি’ (রহঃ) হতে বর্ণনা করেছেন। তাতে রয়েছেঃ ’প্রত্যেক মুসলিমের উপর’। আল-জুমাহী ’উবায়দুল্লাহ হতে, তিনি নাফি’ হতে বর্ণনা করেছেন, তাতে ’মুসলিমের পক্ষ হতে, কথাটি উল্লেখ নেই।

সহীহ : বুখারী।

## English

Abd’ Allah b. Umar said :
The Messenger of Allah(ﷺ)prescribed the sadaqah at the end of Ramadan one sa’. The narrator then transmitted the tradition like the one narrated by Malik. This version adds : “Young and old. He gave command that this should be paid before the people went out to prayers.”

Abu Dawud said : ‘Abd Allah al-‘Umari narrated it from Nafi’ through his chain : “on every Muslim.” The version of Sa’id al-Jumahi has : “Among the Muslims.” The well-known version transmitted by ‘Ubaid Allah does not mention the words “among the Muslims”

### ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : যাকাত, হাঃ ১৫০৩), নাসায়ী (অধ্যায় : যাকাত, হাঃ ২৫০৩)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58930

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন